19 FEB 2017

# রুয়েটে শিক্ষক ধর্মঘট ১৩ দিন পর স্থগিত

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) শিক্ষকদের ডাকা অনির্দিষ্টকালের ধর্মঘট ১৩ দিন পর সাময়িক স্থগিত করা হয়েছে। আজ রবিবার থেকে ক্লাসে ফিরছেন শিক্ষকরা।

গতকাল শনিবার দুপুরে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

তবে আগামী তিন সপ্তাহের মধ্যে শিক্ষকদের দাবি অনুযায়ী বিশ্ববিদ্যালয় প্রশাসন ব্যবস্থা না নিলে আবার আন্দোলনে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছে শিক্ষক সমিতি।

গত ৬ ফেব্রুয়ারি থেকে ধর্মঘট পালন করে আসছেন শিক্ষকরা। তাঁদের অভিযোগ, '৩৩ ক্রেডিট' পদ্ধতি বাতিলের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলন চলাকালে শিক্ষকদের অবরুদ্ধসহ বিভিন্নভাবে হেনস্তা করা হয়েছে। এ ছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে শিক্ষকদের নিয়ে বাজে মন্তব্যও করা হয়। ওই আন্দোলনে শিক্ষকদের জিম্মি করে দাবি আদায়ে উসকানিদাতা ও অসৌজন্যমূলক আচরণের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবিতে ধর্মঘট ডাকেন শিক্ষকরা।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আব্দুল আলীম বলেন, 'রুয়েটে চলমান অচলাবস্থার পরিপ্রেক্ষিতে শিক্ষক সমিতির সভায় সাময়িকভাবে ধর্মঘট স্থগিত করার সিদ্ধান্ত হয়েছে। তবে আগামী তিন সপ্তাহের মধ্যে কর্তৃপক্ষ এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ না করলে আরো কঠোর কর্মসূচি ঘোষণার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।'

প্রসঙ্গত, গত ২৮ জানুয়ারি থেকে ১৪ ও ১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ৩৩ ক্রেডিট পদ্ধতি বাতিলের দাবিতে ক্লাস-পরীক্ষা বর্জন করে আন্দোলনে নামেন। সরকারি ও সাপ্তাহিক ছুটি ছাড়া প্রতিদিনই তাঁরা কর্মসূচি অব্যাহত রাখেন। ওই সময় এ দুই সিরিজের কোনো ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। টানা আন্দোলনের পর ৫ ফেব্রুয়ারি কর্তৃপক্ষ দাবি মেনে নিলে শিক্ষার্থীরা কর্মসূচি প্রত্যাহার করে।

ওই দিন রাতেই শিক্ষার্থীদের বিরুদ্ধে শিক্ষকদের জিম্মি করে দাবি আদায় ও অসৌজন্যমূলক আচরণের অভিযোগ এনে অনির্দিষ্টকালের ধর্মঘটের সিদ্ধান্ত নেয় শিক্ষক সমিতি। পরদিন সোমবার থেকে তাঁরা এ কর্মসূচি পালন করে আসছিলেন।

শিক্ষকদের আনা অভিযোগ তদন্তে গত ৮ ফেব্রুয়ারি পাঁচ সদস্যের একটি কমিটি করে। কমিটির প্রধান করা হয় বিশ্ববিদ্যালয় প্রশাসন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন অ্যান্ড কম্পিউটার সায়েন্সের পরিচালক অধ্যাপক ড. শহীদ উজ জামানকে।